

া সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রেরিত হওয়ার পূর্বে লোকেরা যে অজ্ঞতা ও বিভ্রান্তির মধ্যে নিমজ্জিত ছিল

بَابِ مَا كَانَ عَلَيْهِ النَّاسُ قَبْلَ مَبْعَثِ النَّبِيِّ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ الْجَهْلِ وَالضَّلَالَةِ

আরবী

حَدَّثَنَا مُجَاهِدُ بْنُ مُوسَى، حَدَّثَنَا رَيْحَانُ هُوَ ابْنُ سَعِيدِ السَّامِيُّ، حَدَّثَنَا عَبَادُ هُوَ ابْنُ مَنْصُورٍ، عَنْ أَبِي رَجَاءٍ، قَالَ: " كُنَّا فِي الْجَاهِلِيَّةِ إِذَا أَصَبْنَا حَجَرًا حَسَنًا، عَبَدْنَاهُ، وَإِنْ مَنْصبُ حَجَرًا، جَمَعْنَا كُثْبَةً مِنْ رَمْل، ثُمَّ جِئْنَا بِالنَّاقَةِ الصَّفِيِّ فَتَفَاجَّ عَلَيْهَا، فَنَحْلُبُهَا عَلَى الْكُثْبَةِ حَتَّى نَرْوِيَهَا، ثُمَّ نَعْبُدُ تِلْكَ الْكُثْبَة مَا أَقَمْنَا بِذَلِكَ الْمَكَانِ "، قَالَ أَبُو مُحَمَّد عَلَى الْكُثْبَةِ حَتَّى نَرْوِيَهَا، ثُمَّ الطَّريق الواسع وَجَمْعُهُ فِجَاجٌ الطَّريق الواسع وَجَمْعُهُ فِجَاجٌ

إسناده ضعیف عباد بن منصور کان یدلس وقد تغیر بأخرة وهو موقوف علی أبي رجاء عمران بن ملحان

বাংলা

8. আবূ রাজা বলেন: জাহিলী যুগে আমরা যখন কোন সুন্দর পাথর পেতাম, তখনই তার পূজায় লেগে যেতাম। আর যখন কোন পাথরই পেতাম না, তখন আমরা বালি একত্রিত করে ঢিবি বানাতাম। তারপর দুগ্ধবতী উদ্ধী নিয়ে এসে এর পা ফাঁক করে ধরে এ ঢিবির উপর এর দুধ দোহন করতাম। এমনকি ঢিবিটি দুধে ভিজে যেতো। অতঃপর যতক্ষণ আমরা এ স্থানে অবস্থান করতাম, ততক্ষণ এ ঢিবিরই ইবাদত করতাম।

আবু মুহাম্মদ (দারিমী) বলেন, 'الصفي' অর্থ: অধিক দুগ্ধদায়ী, فنفاح অর্থ উটনী যখন দুধ দোহনের জন্য তার উভয় পা ফাঁক করে। এবং الفج অর্থ: প্রশস্ত রাস্তা। এর বহুবচন: فجاح ি[1]

ফুটনোট



[1] তাহকীক: এর সনদ যয়ীফ। তবে আবী নুয়াইম তার 'হিলইয়া' গ্রন্থে (২/৩০৬) হাসান সনদে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন।

তাখরীজ: আবী নুয়াইম তার 'হিলইয়া' গ্রন্থে (২/৩০৬)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন